



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

([www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd))


স্মারক নং-বশিবো/পনি/এসএসসি/২০১৬/১৩৪৬

তারিখ: ১৫ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ  
৩০ নভেম্বর, ২০১৬ খ্রি.

বিষয়ঃ এসএসসি পরীক্ষা ২০১৭ এর শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা ২০১৭ এর অংশগ্রহণকারী সকল নিয়মিত পরীক্ষার্থী ও অনিয়মিত পরীক্ষার্থীদের শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা এনসিটিবি এর নির্দেশনা অনুসারে স্ব স্ব প্রতিষ্ঠান সম্পন্ন করে প্রাপ্ত নম্বর প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবে। প্রবেশপত্র পাওয়ার পর বৈধ পরীক্ষার্থীদের নাম, রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর গালাসিলযুক্ত খামে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবদের নিকট প্রেরণ করবেন। তত্ত্বীয় পরীক্ষা শেষে কেন্দ্রসচিব অন্যান্য বিষয়ের ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর এর সাথে বর্ণিত বিষয়ের প্রাপ্ত নম্বর বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে বোর্ডে প্রেরণ করবেন এবং হার্ডকপি হাতে হাতে বোর্ডের পরীক্ষা শাখায় ১০৮ নং কক্ষে জমা দিবেন।

বিঃ দ্রঃ শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের হাজিরা পত্র অন্যান্য ব্যবহারিক বিষয়ের হাজিরা পত্রের সঙ্গে বোর্ডে জমা দিতে হবে। কেন্দ্রাধীন বিদ্যালয়সমূহের মধ্যে পরীক্ষক বিনিময়ের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয় শিক্ষকের তত্ত্বাবধানে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করতে হবে।



অরুণ কুমার গাইন- ১০২৬০

উপ- পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন: অফিস-০৪৩১-৬৫১৮২

মুঠো-০১৭১২১৭৪৬৬৯ (ব্যক্তিগত)

প্রধান শিক্ষক/কেন্দ্রসচিব  
বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান